দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JAN 1989
পৃষ্ঠা ৭ কলাম ৬

৬

004

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# বি,এ পরীক্ষার ফল প্রকাশিত

রাজশাহী, ৫ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতার ফোন)।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৮৭ সালের ('৮৮র এপ্রিল-মে মাসে অনুষ্ঠিত) বি,এ (পাস) পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে।

১৭ হাজার ৮শ' ৪৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ২শ' ২৭ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৩৪'৮৯ ভাগ।

উত্তীর্ণদের মধ্যে ২জন প্রথম বিভাগ, ৩শ' ৪৫ জন দ্বিতীয় বিভাগ ও ৫ হাজার ৮শ' ৮০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

জয়পুরহাট সরকারী কলেজ কেন্দ্রের বহিরাগত পরীক্ষার্থী আবুল সাইয়াজ মো: নুরুল ইসলাম ও মো: আবদুল্লা যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে।

উল্লেখ্য, ৮টি কেন্দ্রের ফলাফল স্থগিত রাখা হয়েছে। কেন্দ্রগুলো হচ্ছে: রামপাল, খুলনা এমএম সিটি কলেজ, ভেড়ামারা, নীলফামারী, কুড়িগ্রাম, উলিপুর, হাতিবান্ধা ও বগুড়া সরকারী আজিজুল হক কলেজ। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ব্যাপক গণটোকাটুকির অভিযোগে এই কেন্দ্রগুলোর ফলাফল স্থগিত রাখা হয়েছে।